দৈনিক
ইত্তেফাক

তারিখ . 14. JUL. 2005... ...
পৃষ্ঠা ... ১০ ... কলাম ... ৬ ......

# উত্তরাঞ্চলের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে সরকারী অংশের বেতন প্রদান বন্ধ ॥ ব্যাংকে টাকা নেই

॥ রংপুর সংবাদদাতা ॥

দফায় দফায় ঘোষণা দেয়ার পরও উত্তরাঞ্চলের এমপিওভুক্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীরা দু'মাস ধরে তাদের সরকারি অংশের বেতন না পাওয়ায় পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবনযাপন করছে। ব্যাংকের এমপিও ফাণ্ডে সরকারি বরাদ্দ না থাকায় এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে ব্যাংক সূত্রে জানা গেছে। এ অবস্থায় বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আন্দোলনের প্রস্তুতি নিচ্ছে বলে সোমবার সংগঠনের রংপুর জেলা সাধারণ সম্পাদক আবদুল ওয়াহেদ মিয়া জানিয়েছেন।

সূত্রমতে এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের মে মাসের বেতন ২৭ জুন, ২ জুলাই ও ১০ জুলাই প্রদানের জন্য সরকারীভাবে ঘোষণা দেয়া হয়। কিন্তু গত রবিবার পর্যন্ত মে মাসের বেতন পায়নি শিক্ষক-কর্মচারীরা। এ অবস্থায় গত সোমবার পত্রিকার মাধ্যমে এক সরকারী তথ্য বিবরণীতে ঘোষণা দেয়া হয় মে মাসের বেতন আগামী ২১ জুলাই প্রদান করা হবে। কিন্তু ব্যাংক কর্তৃপক্ষ জানিয়েছে এমপিও ফাণ্ডে কোন টাকা না থাকায় সরকার ঘোষণা দিলেও বেতন প্রদান করা সম্ভব হচ্ছে না। কবে নাগাদ ফাণ্ড আসবে তাও অনিশ্চিত।

(১১শ পৃ: ৫-এর ক: দ্র:)

## উত্তরাঞ্চলের বেসরকারি

(১০ম পৃঃ পর)

মে মাসের বেতন জুলাই মাসেও না পাওয়ায় শিক্ষক-কর্মচারীদের মাঝে তীব্র ক্ষোভ বিরাজ করছে। রংপুর-দিনাজপুর অঞ্চলের বেসরকারি স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসার শিক্ষকরা তাদের বেতনের সরকারি অংশের টাকা আগামী এক সপ্তাহের মধ্যে প্রদান করা না হলে আন্দোলনে যাবার পরিকল্পনা করছেন বলে জানা গেছে। এদিকে সরকারি ঘোষণা অনুযায়ী গত জানুয়ারি থেকে তাদের বর্ধিত ৬ষ্ঠ জাতীয় বেতন স্কেলের টাকা দেয়ার কথা থাকলেও ছয় মাস পেরিয়ে গেলেও তা দেয়া হয়নি।